অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 4/19/2022 **গভর্নর ক্যাথি হোকল**

গভর্নর হোকল নিউ ইয়র্ক স্টেটেজুড়ে পানি অবকাঠামো উন্নয়নের জন্য 638 মিলিয়ন মার্কিন ডলার অনুদান ঘোষণা করলেন

উদীয়মান দূষক পরিশোধন করা খাবার পানি প্রকল্পসমূহে 206 মিলিয়ন মার্কিন ডলারের বেশি বরাদ্দ

অনুদানপ্রাপ্তরা ক্যাপিটাল রিজিয়ন, সেন্ট্রাল নিউ ইয়র্ক, ফিঙ্গার লেকস, লং আইল্যান্ড, মধ্য-হাডসন, মোহক ভ্যালি, নর্থ কান্ট্রি, সাউদার্ন টিয়ার এবং পশ্চিম নিউ ইয়র্ক অঞ্চলগুলিতে অবস্থিত

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে স্টেটের এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশন (Environmental Facilities Corporation, EFC) স্টেটজুড়ে জনস্বাস্থ্য রক্ষা করে বা পানির মান উন্নত করে এমন 199টি পানি অবকাঠামো প্রকল্পের জন্য মিউনিসিপ্যালিটি এবং সরকারি কর্তৃপক্ষগুলিকে 638 মিলিয়ন মার্কিন ডলার অনুদান প্রদান করবে। প্রায় 601 মিলিয়ন মার্কিন ডলার পানি অবকাঠামো উন্নয়ন অ্যাক্ট (Water Infrastructure Improvement Act, WIIA) অনুদান এবং 37 মিলিয়ন মার্কিন ডলারের বেশি ফেডারেল ভর্তুকি মিলে আনুমানিক মোট 1.6 বিলিয়ন মার্কিন ডলারের অবকাঠামো বিনিয়োগকে সমর্থন করবে। অনুদানগুলি নিউ ইয়র্কের অর্থনীতিতে 35,000 কর্মসংস্থান যোগ করবে এবং করদাতাদের আনুমানিক 1.4 বিলিয়ন মার্কিন ডলার সাশ্রয় করবে বলে প্রত্যাশা করা যাচ্ছে।

"প্রত্যেক নিউ ইয়র্কবাসীর জন্য পরিষ্কার পানি উপলভ্য করা নিশ্চিত করতে আমাদের স্টেটের পানি অবকাঠামো আধুনিকায়ন করা অতি গুরুত্বপূর্ণ," **গভর্নর হোকল বলেন।** "নিউ ইয়র্কবাসীদের জনস্বাস্থ্য রক্ষা করা আমার প্রশাসনের জন্য সবসময় একটি অগ্রাধিকার এবং তহবিলটি সেই অঙ্গীকারের একটি প্রমাণস্বরূপ। আমরা সরকারের প্রতিটি পর্যায়ে সমবেতভাবে কাজ চালিয়ে যাবো যাতে স্টেটব্যাপী পানির মান উন্নত করতে স্থানীয় সরকারসমূহকে তাদের প্রয়োজনীয় তহবিল দিয়ে তাদের সক্ষমতা বৃদ্ধি করতে পারি।"

আজকের ঘোষণাটি সর্ববৃহৎ পানি অবকাঠামো উন্নয়ন অ্যাক্ট অনুদান প্রদান করলো। অনুদানপ্রাপ্ত এবং প্রকল্পের বিবরণের পূর্ণ তালিকা EFC-র ওয়েবসাইটে পাওয়া যাবে, যেখানে আপনি অঞ্চলভেদে অর্থপ্রাপ্তদের এবং একইসাথে ইন্টারেক্টিভ মানচিত্র দেখতে পারবেন।

এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের প্রেসিডেন্ট এবং প্রধান নির্বাহী কর্মকর্তা মরিন এ. কোলম্যান বলেন, "EFC থেকে ঐতিহাসিক মাত্রার এই অনুদান 151টি সম্প্রদায়কে রূপান্তরকারী সুবিধা প্রদান করবে, যেহেতু স্টেট গভর্নর হোকলের সমর্থন করা পানির মান লক্ষ্য বাস্তবায়ন করছে। EFC-র অনুদান করদাতাদের ত্রাণ প্রদান করে এবং স্থানীয় সরকারসমূহকে জনস্বাস্থ্য ও পরিবেশকে রক্ষা করে, কর্মসংস্থান সৃষ্টি করে, এবং অর্থনৈতিক বিকাশের সূচনা করে এমন অত্যাবশ্যকীয় প্রকল্পসমূহের কাজ শুরু করতে সাহায্য করে। EFC-র অনুদান করদাতাদের ত্রাণ প্রদান করে এবং স্থানীয় সরকারসমূহকে জনস্বাস্থ্য ও পরিবেশকে রক্ষা করে, কর্মসংস্থান সৃষ্টি করে, এবং অর্থনৈতিক বিকাশের সূচনা করে এমন অত্যাবশ্যকীয় প্রকল্পসমূহের কাজ শুরু করতে সাহায্য করে।"

এনভায়রনমেন্টাল কনজার্ভেশন ডিপার্টমেন্টের (Department of Environmental Conservation, DEC) কমিশনার এবং এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশনের বোর্ডের প্রধান বেসিল সেগোস বলেন, "নিউ ইয়র্ক স্টেট পুরো স্টেটের মিউনিসিপ্যালিটিগুলিতে পানি অবকাঠামো হালনাগাদ ও উন্নয়ন সমর্থন করে প্রজন্মের বিনিয়োগ করছে আরো স্থিতিস্থাপক সম্প্রদায় গঠন করার জন্য যারা জলবায়ু পরিবর্তনের সমস্যার মোকাবেলা করতে আরো ভালোভাবে প্রস্তুত থাকবে। পানির মান নিরাপদ রাখতে গভর্নর হোকলের টেকসই অঙ্গীকার নিয়ে, DEC পরিষ্কার পানি সরবরাহের জন্য অত্যাবশ্যকীয় প্রকল্প অগ্রসর করতে সাহায্য করছে, পানি সরবরাহ সুরক্ষিত করছে এবং অব্যাহত অর্থনৈতিক প্রবৃদ্ধির প্রচার করছে।"

স্বাস্থ্য ডিপার্টমেন্টের (Department of Health, DOH) কমিশনার ডাঃ ম্যারি টি. ব্যাসেট বলেন, "সেকেলে অবকাঠামো প্রতিস্থাপন করা এবং নিউ ইয়র্ক স্টেটের সরকারি খাবার পানি ব্যবস্থার উদীয়মান দূষক পরিশোধন বাস্তবায়ন করা জনস্বাস্থ্য সমতা নিশ্চিত করার জন্য অতি গুরুত্বপূর্ণ উপাদান। যেসকল সম্প্রদায় কয়েক দশকের পুরনো শিল্পের দূষণের ভার বহন করছে বা যারা ঐতিহাসিকভাবে অবহেলিত হয়েছে, তারা প্রকল্পের ব্যয় শুরু করার ক্ষেত্রে সাহায্যের জন্য এবং পরিষ্কার পানি সরবরাহের আরো বড় বড় সমস্যা সমাধানে এইসব তহবিল ব্যবহার করছে।"

<u>অনুদানের এই রাউন্ডে অর্থায়িত 199টি প্রকল্পের মধ্যে প্রধান প্রধানগুলি হলো:</u>

খাবার পানি প্রকল্পসমূহে 426 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান; উদীয়মান দূষক পরিশোধন করে এমন উপযুক্ত প্রকল্পসমূহকে প্রকল্প ব্যয়ের 60 শতাংশের অর্থায়ন করা হবে

খাবার পানি ব্যবস্থা উন্নত করতে 220 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান এবং উদীয়মান দূষক পরিশোধন করে এমন প্রকল্পসমূহকে অতিরিক্ত 206 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করা হবে। স্টেটের নির্ধারিত সর্বোচ্চ দূষণ মাত্রার (Maximum Contaminant Level, MCL) বেশি উদীয়মান দূষকের সমাধানকারী উপযুক্ত প্রকল্পসমূহকে উপযুক্ত প্রকল্প ব্যয়ের নেট 60 শতাংশের অর্থায়ন প্রদান করা হবে। এমন প্রকল্পের উদাহরণ হলো:

- **অ্যাভেরিল পার্ক সেন্ট্রাল স্কুল জেলা (Averill Park Central School District) (ক্যাপিটাল রিজিয়ন)** - 90,000 মার্কিন ডলার, অ্যালগনকুইন মিডল স্কুলে (Algonquin Middle School) খাবার পানির কার্যকর পরিশোধনের জন্য।
- **রচেস্টার সিটি (ফিঙ্গার লেকস)** - 3 মিলিয়ন মার্কিন ডলার, 1,110 সীসার সার্ভিস লাইন প্রতিস্থাপনের জন্য।
- **পশ্চিম নাসাউ কাউন্টির পানি কর্তৃপক্ষ (Water Authority of Western Nassau County) (লং আইল্যান্ড)** - 31 মিলিয়ন মার্কিন ডলার, উদীয়মান দূষক অপসারণ ও পরিশোধনের জন্য।

বর্জ্য পানি উন্নয়ন প্রকল্পসমূহে 139 মিলিয়ন মার্কিন ডলারের বেশি প্রদান করা হয়েছে। এমন প্রকল্পের উদাহরণ হলো:

- **শেমাং কাউন্টি (সাউদার্ন টিয়ার)** - 25 মিলিয়ন মার্কিন ডলার, একটি সিউয়ার জেলার বর্জ্য পানি পরিশোধন প্ল্যান্ট একত্রীকরণ প্রকল্পের জন্য। তহবিলটি দুইটি সুপ্রাচীন বর্জ্য পানি পরিশোধন প্ল্যান্ট একত্রিত করার কাউন্টির প্রচেষ্টাকে সমর্থন করবে এবং এমন উন্নয়ন করবে যা স্টেটের আদর্শে পৌঁছাতে সাহায্য করবে এবং শেমাং নদী ও চেসাপিক বে ওয়াটারশেডে নির্গমিত নাইট্রোজেন ও ফসফরাস হ্রাস করে পানির ম্যান উন্নয়ন করতে সাহায্য করবে।
- **আমস্টারডাম সিটি (মোহক ভ্যালি)** - 4.3 মিলিয়ন মার্কিন ডলার, একটি বর্জ্য পানি পরিশোধন প্ল্যান্ট উন্নয়ন প্রকল্পের জন্য।

মিউনিসিপ্যালিটিগুলিকে আনুমানিক প্রকল্প ব্যয়ের 50 শতাংশ প্রদান করা হবে
তেরটি মিউনিসিপ্যাল প্রকল্পকে (নিচের ছকে প্রদত্ত) একটি 25 শতাংশ WIIA অনুদান এবং একটি 25 শতাংশ ফেডারেল অতিরিক্ত ভর্তুকি প্রদান করা হয়েছে, আনুমানিক প্রকল্প ব্যয়ের 50 শতাংশ প্রদান করার জন্য। এটি সম্ভব হয়েছে কষ্টে থাকা এই সম্প্রদায়গুলিকে 25 শতাংশ ফেডারেল অতিরিক্ত ভর্তুকি প্রদানের মাধ্যমে, যারা প্রকল্প ব্যয়ের বাকি 50 শতাংশের জন্য সুদমুক্ত অর্থায়ন পাবে। প্রকল্পের উপযুক্ত হওয়া, পানির মানে প্রভাব এবং আর্থিক কাঠিন্যের ভিত্তিতে ভর্তুকি পাওয়ার জন্য মিউনিসিপ্যালিটিগুলিকে বাছাই করা হয়েছে।

আবেদনকারীর নাম	**অঞ্চল**	**আনুমানিক ফেডারেল ভর্তুকি**	**আনুমানিক WIIA অনুদান**	**মোট অনুদানের পরিমাণ**
Buffalo Sewer Authority	Western NY	$9,054,768	$9,054,768	$18,109,535
De Kalb, Town	North Country	$1,250,000	$1,250,000	$2,500,000
Franklinville, Village	Western NY	$1,235,333	$1,235,333	$2,850,000

Herkimer, Village	Mohawk Valley	$4,997,750	$4,997,750	$9,995,500
Lockport, City	Western NY	$1,934,500	$1,934,500	$3,869,000
Moravia, Village	Central NY	$827,688	$827,688	$1,655,376
Naples, Village	Finger Lakes	$3,436,500	$3,436,500	$6,873,000
Newburgh, City	Mid-Hudson	$5,577,500	$5,577,500	$11,155,000
Penn Yan, Village	Finger Lakes	$132,750	$132,750	$265,500
Schroon, Town	North Country	$108,750	$108,750	$217,500
Sidney, Village	Southern Tier	$565,313	$565,313	$1,130,626
Sylvan Beach, Village	Mohawk Valley	$7,291,668	$7,291,668	$14,583,335
Utica, City	Mohawk Valley	$306,563	$306,563	$613,126

আরো তিনটি কষ্টে থাকা সম্প্রদায়, যারা একটি WIIA অনুদান পাচ্ছে না, তারা একটি 25 শতাংশ ফেডারেল অনুদান পাবে:

- **গভার্নার গ্রাম (নর্থ কান্ট্রি)** - 182.750 মার্কিন ডলার, সম্মিলিত সিউয়ার পৃথক করে নতুন স্যানিটারি সিউয়ার এবং নতুন ঝড় সিউয়ার নির্মাণের জন্য।
- **হুসিক ফলস গ্রাম (ক্যাপিটাল রিজিয়ন)** - 132,750 মার্কিন ডলার, বর্জ্য পানি পরিশোধন প্ল্যান্টে একটি জীবাণুমুক্তকরণ ব্যবস্থা স্থাপন করার জন্য।
- **পোর্ট লেডেন গ্রাম (নর্থ কান্ট্রি)** - 356,500 মার্কিন ডলার, অতিরিক্ত প্রবাহ সমাধান করতে বর্জ্য পানি পরিশোধন প্ল্যান্টের ধারণক্ষমতা বৃদ্ধি করা এবং একটি জীবাণুমুক্তকরণ ব্যবস্থা স্থাপন করার জন্য।

দুইটি প্রকল্পকে ইন্টারমিউনিসিপ্যাল অনুদান প্রদান করা হয়েছে
দুইটি প্রকল্পকে পানির ম্যান উন্নয়নে সম্প্রদায়সমূহের একত্রে কাজ করার জন্য ইন্টারমিউনিসিপ্যাল অনুদান (Intermunicipal Grants, IMG) প্রদান করা হয়েছে।

- **সাফোক কাউন্টি পানি কর্তৃপক্ষ (Suffolk County Water Authority) (লং আইল্যান্ড)** - 1.2 মিলিয়ন মার্কিন ডলার, ব্রুকহাভেনের সাথে একটি পানির মেইন সম্প্রসারণ প্রকল্পের জন্য।

- **জেনেসি কাউন্টি (ফিঙ্গার লেকস) -** 2.7 মিলিয়ন মার্কিন ডলার, মনরো কাউন্টি পানি কর্তৃপক্ষের (Monroe County Water Authority) সাথে একটি পানি সরবরাহ প্রকল্পের জন্য।

তহবিলের উপলভ্যতা
বিশেষ কিছু শর্ত পূরণ হওয়ার পর অনুদানের তহবিল অনুদানপ্রাপ্তদের মধ্যে বিতরণ করা হতে পারে, যেমন অনুদানের চুক্তি সম্পাদন এবং DEC-র পরিচালনা পর্ষদের অনুমোদন।

আঞ্চলিক অর্থনৈতিক বিকাশ পরিষদের প্রদত্ত অর্থ দেখুন

- Capital Region
- Central NY
- Finger Lakes
- Long Island
- Mid-Hudson
- Mohawk Valley
- North Country
- Southern Tier
- Western NY

সিনেটর চার্লস শুমার বলেন, "আমি বাফেলো এবং শেমাং কাউন্টিতে আমাদের বর্জ্য পানির ব্যবস্থা ঠিক করা থেকে শুরু করে রচেস্টারের বিপজ্জনক সীসার পাইপ প্রতিস্থাপন পর্যন্ত পুরো নিউ ইয়র্ক স্টেটের জন্য এইসব প্রকল্পে ফেডারেল তহবিল আনতে পেরে গর্বিত। পরিষ্কার পানি পাওয়ার সুযোগ একটি অধিকার, এবং আমি আমাদের পানির ব্যবস্থা প্রবহমান রাখতে, কর্মসংস্থান বৃদ্ধি করতে, এবং নিউ ইয়র্কবাসীকে নিরাপদ ও স্বাস্থ্যকর রাখতে জোর লড়াই করতে থাকবো।"

প্রতিনিধি শন প্যাট্রিক ম্যালোনি বলেন, "অবকাঠামো শুধু রাস্তা ও সেতু নয়; এটি হলো আমাদের সন্তানদের খাবার পানি নিরাপদ ও পরিষ্কার রাখা নিশ্চিত করাও। বহু বছর ধরে আমি কংগ্রেসে অবকাঠামো উন্নয়নে তহবিল বৃদ্ধির জন্য লড়াই করেছি এবং আমি গর্বিত যে সেই ফেডারেল তহবিলগুলি নিউ ইয়র্কে দারুণভাবে ব্যবহৃত হচ্ছে, যার মধ্যে আছে নিউবার্গের জন্য 11 মিলিয়ন মার্কিন ডলারসহ আমাদের জেলার বারোটি প্রকল্প।"

প্রতিনিধি আদ্রিয়ানো এস্পিয়াত বলেন, "একটি পরিষ্কার ও স্বাস্থ্যকর পানি ব্যবস্থা নিশ্চিত করা আমাদের সম্প্রদায়সমূহকে সমৃদ্ধি পেতে এবং টিকে থাকতে সাহায্য করে। আমি গভর্নর হোকলের আজকের ঘোষণার প্রশংসা করছি যেখানে এই তহবিলকে আমাদের স্টেটের পানি অবকাঠামো ব্যবস্থা জোরদার করতে, কর্মসংস্থান সৃষ্টি করতে, আমাদের স্টেটের অর্থনীতিকে সমর্থন করতে, এবং সেই সাথে মিলিয়ন মিলিয়ন নিউ ইয়র্কবাসীর জন্য পানির মান উন্নত করতে সাহায্য করার জন্য বরাদ্দ করা হয়েছে।"

প্রতিনিধি অ্যান্টনিও ডেলাগাডো বলেন, "নিউ ইয়র্কের পানি পরিষ্কার করা এবং আমাদের সম্প্রদায়সমূহকে পারফ্লুরোঅ্যালকালাইল এবং পলিফ্লুরোঅ্যালকালাইল উপাদানের (Perfluoroalkyl and Polyfluoroalkyl Substances, PFAS) মতো ক্ষতিকর দূষক থেকে রক্ষা করা সেইদিন থেকে আমার জন্য অগ্রাধিকার যেদিন থেকে আমি কংগ্রেসে নিউ ইয়র্কের 19তম কংগ্রেসনাল জেলার জন্য কাজ করছি। আমি আপস্টেট নিউ ইয়র্কের পানি অবকাঠামোতে বড় বিনিয়োগ দেখে আনন্দিত যা জনস্বাস্থ্য উন্নয়নে সাহায্য করবে, আমাদের অর্থনীতিতে কর্মসংস্থান যোগ করবে, এবং মানুষের অর্থ সাশ্রয় করবে। আমি সকল নিউ ইয়র্কবাসীর কাছে যাতে পরিষ্কার পানি পাওয়ার সুযোগ থাকে তা নিশ্চিত করতে কাজ চালিয়ে যাবো।"

স্টেটের সিনেটর টড কামিনস্কি বলেন, "পরিষ্কার পানি পাওয়া অত্যাবশ্যকীয় এবং এই অতি গুরুত্বপূর্ণ তহবিলটি স্থানীয় এলাকাসমূহকে জনস্বাস্থ্য সুরক্ষা ও পানির মান উন্নত করতে সাহায্য করার জন্য স্টেটের অঙ্গীকারের একটি অংশ। আমাদের অবকাঠামোতে আমরা যাতে এই ঐতিহাসিক বিনিয়োগ অব্যাহত রাখতে পারি তা নিশ্চিত করার জন্য গভর্নর ক্যাথি হোকলকে ধন্যবাদ।"

অ্যাসেম্বলি সদস্য স্টিভ এঙ্গলেব্রাইট বলেন, "আমি নিউ ইয়র্কবাসীদের জন্য নিরাপদ, পরিষ্কার পানির ব্যবস্থা করতে আমাদের স্থানীয় সরকারসমূহ এবং সাফোক কাউন্টি পানি কর্তৃপক্ষের জন্য গভর্নর হোকলের তহবিল ঘোষণা শুনে অত্যন্ত আনন্দিত হয়েছি। এই তহবিলগুলি নতুন বাজেটের ফলে প্রবাহিত হতে থাকবে যা স্থানীয় সরকারগুলিকে সাহায্য করার জন্য পরিষ্কার পানি অবকাঠামো অ্যাক্টে (Clean Water Infrastructure Act) অতিরিক্ত 500 মিলিয়ন মার্কিন ডলার প্রদান করবে।"

পানির মানের প্রতি নিউ ইয়র্কের প্রতিশ্রুতি

নিউ ইয়র্ক পরিষ্কার পানি অবকাঠামো প্রকল্পসমূহে বিনিয়োগ বৃদ্ধি করে চলেছে। সেপ্টেম্বর মাসে গভর্নর হোকল ঘোষণা করেছিলেন যে স্টেটব্যাপী পরিষ্কার পানির অবকাঠামো প্রকল্পের অর্থায়নের জন্য সম্প্রদায়সমূহের জন্য WIIA এবং IMG কর্মসূচির মাধ্যমে 400 মিলিয়ন মার্কিন ডলার উপলভ্য থাকবে। ঐতিহাসিক সংখ্যক WIIA আবেদনে জমা হওয়ার কারণে অতিরিক্ত অনুদান তহবিল প্রদান করা হবে।

গভর্নর হোকলের নেতৃত্বাধীন, প্রণীত বাজেটটি ল্যান্ডমার্ক পরিষ্কার পানি, পরিচ্ছন্ন বায়ু এবং সবুজ কর্মসংস্থান পরিবেশ বন্ড অ্যাক্টের (Clean Water, Clean Air, and Green Jobs Environmental Bond Act) জন্য মোট 4.2 বিলিয়ন মার্কিন ডলারের জন্য অতিরিক্ত 1.2 বিলিয়ন মার্কিন ডলারের অনুমোদন প্রদান করে। এই বছরের শেষের দিকে ভোটারদের গ্রহণ করার এই ঐতিহাসিক উদ্যোগটি নিউ ইয়র্ককে নিরাপদ খাবার পানি প্রদানে প্রয়োজনীয় সমর্থন প্রদান করবে, অতি গুরুত্বপূর্ণ পানি অবকাঠামোতে বিনিয়োগ করবে, পরিবেশগত আবাসস্থলের পুনর্বাসন করবে, বন্যার ঝুঁকি হ্রাস করবে, এবং আমাদের ঘরের বাইরের স্থান এবং স্থানীয় খামার সংরক্ষণ করবে। এছাড়াও এটি জলবায়ু পরিবর্তন প্রশমনে বিনিয়োগের ব্যবস্থা করবে এবং বায়ু দূষণ হ্রাসকারী, কার্বন নিঃসরণ হ্রাসকারী এবং নিউ ইয়র্কের সম্প্রদায়সমূহের জলবায়ুর ফলে চরম আবহাওয়া ঘটনা ও বন্যা বৃদ্ধি সহ্য করার ক্ষমতা বৃদ্ধিকারী প্রকল্প গ্রহণ করবে। এছাড়াও বন্ড অ্যাক্টটি পরিচ্ছন্ন সবুজ স্কুল (Clean Green Schools) উদ্যোগে একটি উল্লেখযোগ্য

বিনিয়োগ সমর্থন করবে যা সুবিধাবঞ্চিত সম্প্রদায়গুলিতে অবস্থিত প্রতিটি সরকারি স্কুলে পৌঁছে যাবে।

পরিষ্কার পানি, পরিচ্ছন্ন বায়ু, এবং সবুজ কর্মসংস্থান পরিবেশ বন্ড অ্যাক্টের পাশাপাশি, বাজেটে রেকর্ড পরিমাণ 400 মিলিয়ন মার্কিন ডলারের এনভায়রনমেন্টাল প্রোটেকশন তহবিল (Environmental Protection Fund, EPF) রয়েছে, যা জলবায়ু পরিবর্তন প্রশমন এবং অভিযোজন প্রচেষ্টা সমর্থন করবে, টেকসই কৃষির প্রচারে কৃষি সংস্থান উন্নয়ন করবে, আমাদের পানির উৎসসমূহকে রক্ষা করবে, সংরক্ষণ প্রচেষ্টা অগ্রসর করবে, এবং নিউ ইয়র্কবাসীকে বিনোদন সুযোগ প্রদান করবে। এছাড়াও বাজেটে পরিষ্কার পানির অবকাঠামো অর্থায়নের জন্য আরো 500 মিলিয়ন মার্কিন ডলার অন্তর্ভুক্ত আছে, যা 2017 সাল থেকে স্টেটের পরিষ্কার পানিতে বিনিয়োগ মোট 4.5 বিলিয়ন মার্কিন ডলার করবে।

স্থানীয় সরকারগুলোকে ক্লিন ওয়াটারশেডস নিডস (Clean Watersheds Needs) জরিপে অংশগ্রহণ করার জন্য উৎসাহিত করা হচ্ছে
EFC মিউনিসিপ্যালিটিগুলিকে এনভায়রনমেন্টাল প্রোটেকশন এজেন্সির (Environmental Protection Agency, EPA) পরিষ্কার ওয়াটারশেড চাহিদা জরিপে (Clean Watersheds Needs Survey) অংশগ্রহণ করতে তাগিদ দিচ্ছে যা EFC 1 মার্চ নিউ ইয়র্কে শুরু করেছে। এতে অংশগ্রহণ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ কারণ এটি ভবিষ্যতের পরিষ্কার পানির অবকাঠামো প্রকল্পগুলোর জন্য তহবিল প্রদান করতে নিউ ইয়র্ক স্টেটকে ক্লিন ওয়াটার স্টেট রিভলভিং ফান্ড থেকে কী পরিমাণ ডলার বরাদ্দ দেয়া হবে তাতে প্রভাব ফেলতে পারে। মিউনিসিপ্যালিটিগুলিকে EPA-তে জমাদানের জন্য তাদের সম্প্রদায়ের বর্জ্য পানি অবকাঠামোর চাহিদা নথিভুক্ত করতে বলা হয়েছে। নথি জমাদানের জন্য এবং জমাদানে সহায়তার সংস্থানের জন্য https://efc.ny.gov/needs এখানে যান।

EFC সম্পর্কে
এনভায়রনমেন্টাল ফ্যাসিলিটিজ কর্পোরেশন স্থানীয় সরকারসমূহ এবং উপযুক্ত সংস্থাসমূহকে তাদের পানি অবকাঠামো প্রকল্প হাতে নিতে সাহায্য করে। EFC প্রকল্পগুলিকে সামর্থ্যের মধ্যে রাখা নিশ্চিত করতে সাহায্য করার জন্য এবং একইসাথে অত্যাবশ্যকীয় পানির সংস্থান নিরাপদ রাখার জন্য স্টেট এবং ফেডারেল অনুদান প্রদান করে এবং একইসাথে সুদমুক্ত ও কম খরচের অর্থায়ন প্রদান করে। EFC নিউ ইয়র্কের পরিষ্কার পানি এবং খাবার পানির স্টেটের আবর্তিত তহবিলসমূহ (Drinking Water State Revolving Funds, DWSRF) এবং ফেডারেল ও স্টেট অনুদানসমূহ DEC এবং DOH-র সাথে অংশীদারিত্বে পরিচালনা করে। EFC সম্প্রদায়সমূহের কাছে উপলভ্য করা যাবে এমন তহবিলের পরিমাণ সর্বোচ্চ করতে একাধিক আর্থিক কৌশল ব্যবহার করে।

###